

সোমবারের জেএসসি পরীক্ষা বুধবার

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

| ঢাকা, রোববার, ১০ নভেম্বর ২০১৯

ঘূর্ণিঝড় বুলবুলের কারণে সোমবারের জেএসসি ও জেডিসি পরীক্ষাও স্থগিত করা হয়েছে। গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা আবুল খায়ের এ তথ্য জানান।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানায়, সোমবারের জেএসসি পরীক্ষা বুধবার সকাল ১০টায় অনুষ্ঠিত হবে। ১১ নভেম্বরের জেডিসি পরীক্ষাটি অনুষ্ঠিত হবে ১৬ নভেম্বর সকাল ১০টায়।

সোমবার সাধারণ শিক্ষা বোর্ডের জুনিয়র স্কুল সার্টিফিকেট- জেএসসির বিজ্ঞান এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের জুনিয়র দাখিল সার্টিফিকেট- জেডিসির ইংরেজি বিষয়ের পরীক্ষা হওয়ার কথা ছিল।

এর আগে ঘূর্ণিঝড় বুলবুলের কারণে পিছিয়ে দেয়া হয় শনিবারের জেএসসি ও জেডিসির গণিত পরীক্ষা। ৯ নভেম্বরের জেএসসির স্থগিত পরীক্ষা ১২ নভেম্বর এবং জেডিসির স্থগিত পরীক্ষা ১৪ নভেম্বর হবে।